গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং বিচার-১/২টি-১/২০১০-৩৭৫ তারিখ ঃ ২৮/০৬/২০১৬ খ্রিঃ

বিষয় ঃ **৩৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স হতে প্রশিক্ষণার্থী অব্যাহতি ও মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ (১) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ২৭/০৬/২০১৬ খ্রিঃ তারিখের ১/জে-৩৮/৯০(অংশ-৩) ৪৫৯৪ এ নম্বর পত্র।

(২) অত্র বিভাগের ২০/০৬/২০১৬ খ্রিঃ তারিখের বিচার-১/২টি-১/২০১০-৩৫১ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত আগামী ১০/০৭/২০১৬ খ্রিঃ হতে ০৭/০৯/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত দুই মাস ব্যাপী ৩৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ২নং স্মারক পত্রমূলে অংশগ্রহণের অনুমতিপ্রাপ্ত কর্মকর্তাগণের মধ্যে ৩৬ নং ক্রমিকের কর্মকর্তা রংপুর জজশীপের সহকারী জজ বেগম মোছাঃ শামীমা খাতুন মাতৃত্বকালীন ছুটিতে থাকায় তাঁকে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করা হতে অব্যাহতি প্রদান করতঃ তাঁর পরিবর্তে নীলফামারী জজশীপের সহকারী জজ বেগম ফাতিমা খাতুন-কে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

২। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তার উল্লিখিত প্রশিক্ষণ কোর্সে যথাসময়ে অংশগ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৩। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা সরকারি নিয়মে বেতন ও ভাতাদি নিজ নিজ দপ্তর হতে গ্রহণ করবেন।

(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।
ফোন ঃ ৯৫৪৫৪৩১

জেলা জজ,
রংপুর/নীলফামারী।

নং বিচার-১/২টি-১/২০১০-৩৭৫/১(১০) তারিখ ঃ ২৮/০৬/২০১৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। পরিচালক (প্রশিক্ষণ/প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। বেগম মোছাঃ শামীমা খাতুন, সহকারী জজ, রংপুর।
৬। বেগম ফাতিমা খাতুন, সহকারী জজ, নীলফামারী।
৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর/নীলফামারী।
৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। গার্ড ফাইল।
১০। অফিস কপি।

২৮/০৬/১৬
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।